শেষ হল **"WSIS PRIZES 2020"** ভোটযুদ্ধ। বাংলাদেশকে বিজয়ী করতে কয়েক দিন যাবত যে ভোট যুদ্ধ হয়ে গেল তা বাংলাদেশকে ভালোবাসার এক নজিরবিহীন ইতিহাস। সত্যিই কালের স্বাক্ষী হয়ে রইল আইসিটি প্রেমিক মর্যাদাসম্পন্ন শিক্ষকবৃন্দের অসাধারণ কার্যকলাপ।

বাংলাদেশকে বিজয়ী করতে বিভিন্ন ক্যাটাগরিতে চারটি বিষয়ে ভোট প্রদান করতে হয়েছে। ক্যাটাগরি ওয়ান এ ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব, ক্যাটাগরি সেভেন এ ই-বিজনেস এর একশপ, ক্যাটাগরি সেভেন এ ই-এমপ্লয়মেন্টের ন্যাশনাল স্কিল পোর্টাল এবং ক্যাটাগরি সেভেন এ ই-সার্ভিসের কনেক্ট। দেখলাম ভোট আদায়ের জন্য আইসিটি এক্সপার্ট শিক্ষকদের এত উৎসাহ এত উদ্দীপনা। ছুটির পর অবসর না থেকে পাশের বিদ্যালয়ের শিক্ষকদের কাছে গিয়ে তাদের ভোট আদায় করেছেন। নিজ পরিবার এবং পরিবারের বাইরেও অনেকের বাসায় গিয়েও মূল্যবান ভোট আদায় করেছেন। প্রচণ্ড শীতের মধ্যে দিন রাত পরিশ্রম করে অনেকেই আবার নিজ জেলার বাইরে গিয়েও ভোট আদায় করেছেন স্বতঃস্ফূর্তভাবে। অনেকে সারা বাংলাদেশের শিক্ষকবন্ধুদের কাছে ভোটের প্রচারণা চালিয়েছেন।

আমি অধম নগন্য শিক্ষক আইসিটির কিছুই বুজিনা, জানিনা শুধু ভালোবাসি আইসিটিকে মনেপ্রাণে। আমারও ভোট দেওয়ার ইচ্ছার কথা প্রকাশ করতেই ছাতকের এক অনুষ্ঠানে আমার ভোটটি ছাতকের এম্বাসেডর আল আমিন ভাই দিয়ে দিলেন। ধন্যবাদ তাকে। ভোট দিয়ে আমিও গর্বিত সে যেভাবেই হউক। সবার সাথে আমিও বাংলাদেশকে বিজয়ী করতে প্রচারণা চালিয়েছি ভোট কাস্টিংয়ের জন্য। ভবিষ্যতে আইসিটি এক্সপার্ট শিক্ষকদের পেছনে থেকে কাজ করার সুযোগ পেলে আমিও ধন্য হব।

মূল্যবান ভোট আদায়ে অনেকেই অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের কয়েক জনের নাম না বললেই নয়। তারা হচ্ছেন সুনামগঞ্জের রানীগঞ্জের অগ্রদূত প্রধান শিক্ষক মোঃ আব্দুস সামাদ স্যার, ছাতকের মল্লিকপুর মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এম্বাসেডর শ্রদ্ধেয় মোঃ কামাল উদ্দিন স্যার, দক্ষিন সুনামগঞ্জের এম্বাসেডর মোঃ মিসবাহ উদ্দিন স্যার, ছাতকের পরিশ্রমী শিক্ষক এম্বাসেডর মোঃ নিজাম উদ্দিন, এম্বাসেডর মোঃ মাহিউদ্দিন স্যার, এম্বাসেডর মোঃ আল আমিন স্যার, এম্বাসেডর মোঃ খালেদুর রহমান মানিক স্যার, সুনামগঞ্জে সদরের এম্বাসেডর মোছাঃ রোকশানা ইয়াসমিন, দক্ষিন সুনামগঞ্জের নব্য এম্বাসেডর মোঃ জাহাঙ্গীর স্যার এবং নব্য এম্বাসেডর বেনু রঞ্জন মুজুমদার স্যার। সবাইকে আন্তরিক ধন্যবাদ।

সর্বশেষে বলব যারা অক্লান্ত পরিশ্রম করে বাংলাদেশকে বিজয়ী করতে স্বতঃস্ফূর্তভাবে ভোটিং কার্যক্রমে অংশগ্রহণ করেছেন তাদের উদ্দেশ্য সফল হউক। সুইজারল্যান্ডের জেনেভায় বিশ্ব বিচারকদের সর্বোচ্চ সুদৃষ্টি থাকুক বাংলাদেশের দিকে এবং বাংলাদেশের প্রশংসায় মুখরিত হউক সারা বিশ্ব। মর্যাদায় আসনে অধিষ্ঠিত হউক ডিজিটাল বাংলাদেশ। বিজয় হউক সকল আইসিটি প্রেমিক শিক্ষকবৃন্দের। ধন্যবাদ সবাইকে।

শুভকামনায়-

দুলাল হালদার

সহকারী শিক্ষক

কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ছাতক, সুনামগঞ্জ।

মোবাইলঃ ০১৭২৫৭২৫১০৭

Email: dhalder785@gmail.com